233. He is **behind** you. [MBSTU B 16-17]/ He sat **beside** me. Here 'beside' is- [MBSTU C 16-17]
a) an adverb b) a preposition c) a noun d) a conjunction Ans:b

234. You will not achieve your aim **unless** you work hard for it. [KU (সায়েন্স স্কুল) 16-17]
a) Adverb b) Adjective c) Preposition d) Conjunction Ans:d

235. My father is an English teacher. Here 'English' is — [COU (C) 16-17]
The **college** teacher is popular among his students. [NU (বাণিজ্য) 06-07]
a) A noun b) An adjective c) An adverb d) A conjunction Ans:b

236. Wait here **until** I return. Here the underlined word is –. [JKKNIU (ক) 15-16, 16-17]
a) a preposition b) a conjunction c) an adverb d) an adjective Ans:b

# Same Word used as Different Parts of Speech

কোনো word ই specific কোনো part of speech নয়, বরং বাক্যে ব্যবহারের উপরে একটি word বিভিন্ন ধরনের parts of speech হতে পারে। এ সংক্রান্ত সমস্যাগুলো সহজবোধ্য করাই হচ্ছে এই chapter এর মূল বিষয়বস্তু।

| About | |
|---|---|
| Adverb | He is walking **about.** (সে চতুর্দিকে/চারপাশে হাঁটছে) |
| Preposition | There is something pleasing **about** him. (তার ব্যাপারে সামান্য কিছু প্রীতিকর) |

**Adverb:** (i) Preposition হিসেবে ব্যবহৃত word এর পরে noun, noun phrase বা pronoun না থাকলে preposition টি adverb হবে। **(ii)** intransitive verb (walk) এর পরে adverb বসে।
**Preposition:** Noun অথবা pronoun এর object form এর পূর্বে about থাকলে তা Preposition হবে।

1. **He told us about the battle. এখানে about শব্দটি-** [প্রাথমিক সহকারী শিক্ষক-০৯, একটি বাড়ি একটি খামার-১৭]
a) Pronoun b) Adjective c) Adverb d) Preposition Ans:d

| Above (অ্যাবাভ) | |
|---|---|
| Noun | Our blessings come from above. (স্বর্গ থেকে আমাদের ওপর আশীর্বাদ আসে।) |
| Adjective | Read the above sentence carefully. (ওপরের বাক্যটি ভালো করে পড়।) |
| Adverb | The heavens are above. (স্বর্গ উপরে আছে।) Look above. (উপরে তাকাও) |
| Preposition | The moral law is above the civil law. (আইনের ওপর নীতির স্থান।) |

**Noun : Traditional grammar এর নিয়মে** Preposition এর পরে একটিমাত্র word থাকলে তা Noun হবে।
**Adjective :** Article এবং Noun এর মাঝে Adjective বসে।
**Adverb: (i)** যে সকল word সাধারণত Preposition হিসেবে ব্যবহৃত হয় তাদের পরে কোনো noun, noun phrase বা pronoun না থাকে তবে preposition টি adverb হবে। **(ii)** Verb কে কোথায়, কখন, কিভাবে, কেন (Where, When, How, Why) দ্বারা প্রশ্ন করে উত্তর হিসেবে যে Word পাওয়া যায় তা Adverb হবে।
Where are the heavens? (স্বর্গ কোথায় আছে?) **Ans:** above (উপরে)
**Preposition:** Noun Phrase (article+ adjective+noun - the civil law) এর পূর্বে Preposition বসে।

2. **'Our blessings come from above.** [RU (F) 14-15, JU (A) 14-15, 37th BCS (W, MA)]
**Divine inspiration comes from above.** (ঐশ্বরিক প্রেরণা স্বর্গ থেকে আসে) [IU (C) 14-15]
a) preposition b) adverb c) noun d) adjective Ans:c

প্রশ্নের প্রথম উদাহরণটি High School English Grammar– Wren & Martin থেকে হুবুহু নেয়া, সেখানে noun বলা আছে। N.B. From above এর ক্ষেত্রে Oxford Advanced Learner's Dictionary তে above কে adverb দেখিয়েছে Modern grammar অনুসারে এবং উদাহরণটি হচ্ছে They were acting on instructions from **above**. (adverb, OALD)



CS CamScanner

3. **The heavens are <u>above</u>.** [IU F 17-18] **Please look above. Here 'above' is-** [১১তম শিক্ষক নিবন্ধন]
**a)** adjective **b)** adverb **c)** noun **d)** conjunction Ans:b

4. **The moral law is <u>above</u> the civil law.** (নৈতিক আইন রাষ্ট্রীয় আইনের উর্ধ্বে) [RU (মার্কেটিং) 04-05]
**a)** Noun **b)** Preposition **c)** Adjective **d)** Adverb Ans:b

5. **Analyze the <u>above</u> sentences. The underlined word is -** [RU (F) 13-14, JU (A) 14-15]
**a)** Preposition **b)** Adjective **c)** Pronoun **d)** Noun Ans:b

6. **In which sentence 'above' is used as preposition?** [CU (Marine) 03-04]
**a)** The heavens are above. **b)** The moral law is above the civil law.
**c)** Analyze the above sentences. **d)** Our blessings come from above. Ans:b

| After | |
|---|---|
| Adjective | **After** ages will sing his glory. (পরবর্তী যুগ তার গৌরবগাথা রচনা করবে।) |
| Adverb | They arrived soon **after.** (কিছুক্ষণ পরে তারা পৌছাল।) |
| Preposition | She takes **after** her mother. (সে তার মায়ের মতো দেখতে।) |
| Conjunction | They arrived **after** the train had left the station. (ট্রেন ছেড়ে যাওয়ার পর তারা পৌছাল।) |

**Adjective:** After ages - **পরবর্তী যুগ**। After যুগের অবস্থান নির্দেশ করছে বিধায় তা adjective হবে।
**Adverb: (i)** Intransitive verb এর পরে adverb বসে। **(ii)** যে সকল word সাধারণত Preposition হিসেবে ব্যবহৃত হয় তাদের পরে কোনো noun, noun phrase বা pronoun না থাকে তবে preposition টি adverb হবে।
**Preposition:** noun phrase (possessive + noun – his father) এর পূর্বে preposition বসে।
**Conjunction :** দুইটি clause এর সাথে সংযোগকারী হিসেবে conjunction বসে।

7. **<u>After</u> ages will sing his glory.** [JU (A) 14-15] / **His <u>after</u> ages was miserable.** [সম্ভাব্য]
**a)** Adjective **b)** Adverb **c)** Noun **d)** Pronoun Ans:a

8. **The patient died after the doctor had come. Here 'after' is -** [HSTU (C) 14-15]
**a)** A conjunction **b)** A preposition **c)** An adverb **d)** An adjective Ans:a

| All | | |
|---|---|---|
| Noun | He lost his **all** in a hurry.(ব্যস্ততার জন্য সে তার সবকিছু হারাল) | **All** is lost (সব শেষ) |
| Pronoun | **All** spoke in his favour. (সবাই তার পক্ষে কথা বলল।) | **All** of us know it |
| Adjective | **All** men are mortal. (সব মানুষই মরণশীল।) | |
| Adverb | He was **all** alone when I saw him. (যখন আমি তাকে দেখলাম তখন সে <u>সম্পূর্ণ</u> একা ছিল।) | |

**Noun:** Possessive এবং preposition এর মাঝে একটিমাত্র word থাকলে তা অবশ্যই noun হবে।
**Pronoun:** শুধু All এর পরে verb অথবা of থাকলে All (indefinite) pronoun হবে।
**Adjective:** countable noun এর পূর্বে all বসে অনির্দিষ্ট সংখ্যা নির্দেশ করে বলে তা adjective।
**Adverb:** adjective এর পূর্বে all বসে তা যদি adjective টিকে modify করে তবে তা adverb হবে। alone এর পূর্বে all বসে সে <u>সম্পূর্ণ</u> একা ছিল বুঝিয়েছে। **তোমার পালা:** He came <u>all</u> of a sudden. (adverb)

9. **He was <u>all</u> alone when I saw him.** [SUST (B) 00-01, RU (মার্কেটিং) 05-06]
**She was all alone when her father died. Here 'all' is** [BRUR A 16-17]
**a)** Noun **b)** Adjective **c)** Preposition **d)** Adverb Ans:d

10. **He lost his <u>all</u> in speculation.** [RU (মার্কেটিং) 05-06, KU (B) 12-13]
**a)** Pronoun **b)** Noun **c)** Adjective **d)** Verb Ans:b

11. **<u>All</u> spoke in his favour.** [RU (মার্কেটিং) 05-06, KU (B) 12-13, Medical 17-18]
**a)** Noun **b)** Pronoun **c)** Adverb **d)** Conjunction Ans:b

12. **All men are mortal.** [RU (মার্কেটিং) 05-06]

**a)** Adjective **b)** Adverb **c)** Pronoun **d)** Noun Ans:a

| **Any** | |
|---|---|
| Pronoun | Does **any** of you know anything about it? (তোমাদের কেউ কি এ বিষয়ে কিছু জানো?) |
| Adjective | Is there **any** witness? (কোন সাক্ষী আছে কি?) [**Any** pen will do. যেকোন কলমই চলবে] |
| Adverb | Is that **any** better? (সেটা কি অপেক্ষাকৃত ভালো?) |

**Pronoun:** any এর পরে of বসলে any হবে indefinite pronoun. সুতরাং any হচ্ছে pronoun.
**Adjective:** noun এর পূর্বে determiner (any) থাকলে তা adjective হয়।
**Adverb :** adjective (better) এর পূর্বে any বসে modify করেছে তাই any বাক্যটিতে adverb হবে।

| **As** | |
|---|---|
| Adverb | He ran as fast as he could. (সে যত তাড়াতাড়ি সম্ভব দৌড়াল।) |
| Conjunction | As he was poor, I helped him.(যেহেতু সে দরিদ্র ছিল, সেজন্য আমি তাকে সাহায্য করলাম।) |
| R. Pronoun | She likes the same colour as I do. (আমি যে রং পছন্দ করি সে ঐ একই রং পছন্দ করে ) |

**Adverb: (i)** intransitive verb (ran) এর পরে adverb বসে। **(ii)** adverb (fast) এর পূর্বে adverb বসে।
**Conjunction:** দুইটি sentence এর সাথে সংযোগকারী হিসেবে conjunction বসে।
**R. Pronoun:** as বাক্যটিতে what বা that এর কাজ করেছে। সুতরাং as হচ্ছে Relative Pronoun.

| **Before** | |
|---|---|
| Adverb | I have seen you **before**. (আমি তোমাকে পূর্বে দেখেছি।) |
| Preposition | He came **before** the appointed time.(সে নির্ধারিত সময়ের পূর্বে এল।) |
| Conjunction | He went away **before** I came. (আমার আসার পূর্বে সে চলে গেল।) |

**Adverb:** transitive verb এর object এর পরবর্তী word টি verb কে modify করলে তা adverb হবে
**Preposition:** noun phrase (article+adjective +noun) এর পূর্বে preposition বসে।
**Conjunction :** দুইটি clause এর সাথে সংযোগকারী হিসেবে conjunction বসে।

13. **Look <u>before</u> you leap. The word 'before' used in the sentence is -** [১১তম শিক্ষক নিবন্ধন-১৪]
**Here 'before' is used as a/an-** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার-২২]

**a)** preposition **b)** conjunction **c)** adverb **d)** noun Ans:b

14. **I saw him once <u>before</u>.** (আমি আগে একবার তাকে দেখেছিলাম) [HSTU (A) 09-10]
**I saw you once <u>before</u>.** (আমি আগে একবার আপনাকে দেখেছিলাম) [বাংলাদেশ টেলিভিশনের প্রযোজক-০৬]

**a)** Noun **b)** Pronoun **c)** Verb **d)** Adverb Ans:d

| **Better** | |
|---|---|
| Noun | Give place to your betters.(তোমার চেয়ে যারা ভালো তাদের জন্য জায়গা ছেড়ে দাও।) |
| Adjective | I think yours is a better plan.(আমার মনে হয়, তোমার পরিকল্পনাটি আরও ভালো।) |
| Adverb | I know him better.(আমি তাকে আরো ভালো জানি।) I know better. (আমি আর <u>ভালো</u> জানি) |

**Noun:** possessive (my, your etc.) এর পরে একটিমাত্র word থাকলে তা অবশ্যই noun হবে।
**Adjective:** article এবং noun (plan) মাঝে সর্বদাই adjective বসে।
**Adverb: (i)** transitive verb এর object এর পরবর্তী word টি verb কে modify করলে তা adverb হবে।
**(i)** action verb এর পরে কোনো adjective থাকলে তা adverb হবে।

15. **He is a <u>better</u> worker than I.** [HSTU (D) 13-14, প্রাক-প্রাথমিক সহকারী ও প্রধান শিক্ষক-১৫]
**I think yours is a <u>better</u> plan.** [SUST (B) 00-01]

**a)** Adverb **b)** Verb **c)** Noun **d)** Adjective Ans:d



CamScanner

[HSTU (D) 13-14]
[RU (মার্কেটিং) 04-05]

16. **You should honour your <u>betters</u>.**
**Give place to your <u>betters</u>.**
**a)** Noun **b)** Adjective **c)** Adverb **d)** Pronoun Ans:a

[BSMRSTU (E) 14-15]

17. **'I know him <u>better</u>.' Here the word 'better' is -**
**a)** Adjective **b)** Adverb **c)** Verb **d)** Noun Ans:b

| Both (বৌথ) | |
|---|---|
| Pronoun | Both of them are dead. (তাদের উভয়েই/দুজনেই মৃত) |
| Adjective | You cannot have it both ways. (তুমি উভয় উপায়েই/দুভাবেই এটা পেতে পার না) |
| Conjunction | Both the cashier and the accountant (হিসাবরক্ষক) are Hindus. |

**Pronoun:** Both এর পরে of অথবা verb থাকলে Both সর্বদাই Pronoun (Indefinite pronoun) হবে।
**Adjective :** both বাক্যে ways কে বিশেষায়িত করছে বিধায় both হচ্ছে Adjective
**Conjunction:** Both - and (correlative) এ Both সর্বদাই Conjunction হবে।

| But | |
|---|---|
| Relative Pronoun | There is no one **but** likes him.=There is no one **who does not like him.** (এমন কেউ নেই যে তাকে পছন্দ করে না।) |
| Adverb | It is but (only) right to admit our faults. (আমাদের দোষ স্বীকার করাটাই উচিত।)<br>You are but a child. (but = only, just) |
| Conjunction | We tried hard, but did not succeed. (আমরা অনেক চেষ্টা করেছিলাম, কিন্তু সফল হতে পারি নি।) |
| Preposition | None but (except) the brave deserves the fair. (শুধুমাত্র সাহসীরাই সুন্দরের যোগ্য) |
| Verb | <u>But</u> me no buts. (আর কোনো কিন্তু করো না) |
| Noun | But me no <u>buts</u>. (আর কোনো কিন্তু করো না) |

**R.Pronoun:** Complex sentence এ But হচ্ছে negative relative pronoun
**Adverb: (i)** Adjective এর পূর্বে Adverb বসে। **(ii)** article +noun এর পূর্বে but বসলে তা Adverb হবে।
**Conjunction:** দুইটি clause এর মাঝে সংযোগকারী হিসেবে but বসলে তা conjunction বসে।
**Preposition:** noun phrase (article+ adjective = the brave) এর পূর্বে preposition (প্রেপজিশন) বসে।
**Verb:** Imperative sentence এর শুরুতে verb বসে। But –কিন্তু বা আপত্তি করা।
**Noun:** সাধারণত no হচ্ছে Adjective তাই এর পরে Noun বসে।

18. **Which underlined word is a preposition?** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (সুপারভাইজার)-১৫]
**a)** You are <u>but</u> a child **b)** None <u>but</u> the brave deserves the fair.
**c)** He is poor <u>but</u> honest **d)** <u>But</u> me no buts Ans:b

19. **But me no <u>buts</u>. The underlined word is a ---.** [BSMRSTU (F, অবাণিজ্য) 14-15]
**a)** Conjunction **b)** Preposition **c)** Noun **d)** Pronoun Ans:c

20. **'There is no mother but loves her child.' Here 'but' is-** [IU B 13-14, **Medical 22-23**]
**a)** conjunction **b)** adjective **c)** adverb **d)** negative relative Ans:d

| Down | |
|---|---|
| Noun | He has seen the ups and downs of life.(সে জীবনের উত্থান-পতন দেখেছে।) |
| Verb | Try to <u>down</u> him. (তাকে <u>নামাতে</u> চেষ্টা কর)/ Down the tyrant! (স্বৈরাচার নিপাত যাক) |
| Adjective | The down train has left the station. (টার্মিনাল অভিমুখী ট্রেনটি ছেড়ে গেছে।) |
| Adverb | <u>Down</u> went the Royal George. (Royal George <u>নেমেই</u> গেল।) |
| Preposition | She came <u>down</u> the hill. (সে পাহাড় থেকে <u>নীচে</u> নেমে গেল।) |



CamScanner

Noun: article এর পরে noun বসে। the এর পরে ups হচ্ছে noun বিধায় downs ও noun হবে। কারণ, and এর পূর্বে এবং পরে সমজাতীয় parts of speech বসে।
Verb: to এর পরে কোনো word বসে কাজ করা বুঝালে তা verb হবে। down– নামানো, নিচু করা।
Adjective: article এবং noun মাঝে একটিমাত্র থাকলে word তা অবশ্যই adjective হবে।
Adverb: Verb উপর জোর প্রদান করতে sentence এর শুরুতে verb এর পূর্বে adverb বসে।
Preposition: noun phrase (=article+ noun = the hill) এর পূর্বে preposition বসে।

21. **'She came down the hill.' in this sentence 'down' is -** [JUST (A) 12-13]
**a)** Noun **b)** Preposition **c)** Adjective **d)** Adverb Ans:b

22. **Which of the following sentences uses the word 'down' as adverb?** [Medical-09-10]
**a)** Try to down him. **b)** Down went the Royal George.
**c)** The down train has left the station. **d)** She came down the hill. Ans:b

**Either [আইদার (UK), ঈদার (US)]**

| | |
|---|---|
| Pronoun | Ask either of them. (তাদের মধ্যে যে কোনো একজনকে জিজ্ঞাসা কর।)<br>Either will do. (যেকোনোটাই চলবে।) |
| Adjective | He is watching either side of the river. (সে নদীর উভয় তীরের দৃশ্য দেখেছে।) |
| Conjunction | You must either work or starve. (তোমাকে হয় কাজ করতে হবে নতুবা উপবাস করতে হবে।)<br>Either come in or go out. (হয় ভিতরে আস, না হয় বাইরে যাও) |

**Pronoun:** Either এর পরে of অথবা verb থাকলে Either সর্বদাই (distributive) pronoun হবে।
**Adjective:** Noun এর পূর্বে Either বসে Noun কে modify করলে তা distributive adjective হবে।
**Conjunction:** either ---- or (correlative) এ either হচ্ছে conjunction (TG অনুসারে)।

23. **<u>Either</u> of the two girls will be awarded. The underlined word is-** [JU (IBA) 11-12]
**a)** Adjective **b)** Adverb **c)** Noun **d)** Pronoun Ans:d

**Enough (ইনাফ)**

| | |
|---|---|
| Noun | I have had enough of this. (এ জিনিস আমি যথেষ্টই পেয়েছি।) |
| Adjective | There is enough time to spare. (ব্যয় করার যথেষ্ঠ সময় আছে।) |
| Adverb | You know well enough what I mean. (আমি কি বলতে চাই, তা তুমি খুব ভালোই জানো।) |

**Noun:** (i) have verb এর পরে সাধারণত noun বসে (ii) enough পরে of বসলে 'enough '(pro)noun হয়।
**Adjective:** 'enough' সাধারণত noun এর পূর্বে বসে প্রচুর পরিমাণ নির্দেশ করে তাই enough হচ্ছে Adjective
**Adverb:** enough সাধারণত adjective/adverb এর পরে বসে তাদেরকে modify করে এটি হচ্ছে adverb।

24. **He was wise enough to accept the office. Here 'enough' is-** [একটি বাড়ি একটি খামার প্রকল্প-১৭]
**It was wise enough to accept the offer. Here 'enough' is-** [সার্কেল অ্যাডজুটেন্ট-১৫, মেডিকেল ১৮-১৯]
**a)** Adjective **b)** Preposition **c)** Adverb **d)** Conjunction Ans:c

**Even**

| | |
|---|---|
| Verb | Let us even the ground. (এসো, আমরা মাটিটা সমতল করি।) |
| Adjective | The chances are even. (সুযোগ সমান সমান।) |
| Adverb | Does he even suspect the danger? (সেও কি কোনভাবে এই বিপদ সম্বন্ধে সন্দেহ করেছিল?) |

**Verb:** Let us এর পরে verb এর base form বসে বিধায় even হচ্ছে verb [Let us **winter** in the USA]
**Adjective:** Be verb এর পরে সাধারণত adjective বসে ।
**Adverb:** Present Indefinite Tense এ subject এবং main verb এর মাঝে সাধারণত adverb বসে।



CamScanner

| Except (ইক্সেপ্ট) | |
|---|---|
| Preposition | All the brethren were on Egypt except Benjamin. |
| Verb | If we except Hari, all are to be blamed. |
| Conjunction | I will not let thee go except (=unless) thou bless me. |

**Preposition:** except সাধারণত preposition হিসেবে ব্যবহৃত হয়।
**Verb:** subject এর পর কোনো word বসে কাজ করা বুঝালে তা verb হবে। **except**-বাদ দেয়া
**Conjunction:** except দুইটি clause এর সংযোগকারী হলে 'unless' অর্থে conjunction হিসেবে ব্যবহৃত হয়।

| For | |
|---|---|
| Preposition | I can do it for myself. (আমি নিজেই কাজটা করতে পারি।) |
| Conjunction | He cannot do this now; for he is ill. (সে এখন এটা করতে পারে না; কারণ সে অসুস্থ।) |

**Preposition:** for এর পরে noun বা pronoun থাকলে for সর্বদাই preposition হয়।
**Conjunction:** for দুইটি clause এর সংযোগকারী হলে 'because' অর্থে conjunction হিসেবে ব্যবহৃত হয়।

| Few | |
|---|---|
| Noun | A few of his friends were present there. (তার বন্ধুদের অল্প কয়েকজন উপস্থিত ছিল।) |
| Adjective | There are few men here. (এখানে লোকজন ছিল না বললেই চলে।) |
| Pronoun | Few know where he is. (খুব কম লোকই জানে সে কোথায় আছে।) |

**Noun:** article এবং preposition এর মাঝে একটিমাত্র word থাকলে তা অবশ্যই noun হবে।
**Adjective:** countable noun এর পূর্বে few বসলে তা নগণ্য সংখ্যা নির্দেশ করে বলে few হচ্ছে adjective
**Pronoun:** শুধু Few যদি verb এর subject হলে তা pronoun (Indefinite pronoun) হবে।

25. **'Few know where he is.' Here 'few' is used as-** [IU (গ) 08-09, (B) 09-10]
**a)** Pronoun **b)** Adjective **c)** Noun **d)** Adverb Ans:a

| Head |
|---|
| Head is the vital part of the body. (মাথা শরীরের প্রধান অঙ্গ।) |
| He headed the ball in right time. (সে ঠিক সময়ে বলটিকে হেড করল।) |

**Noun:** কোনো কিছুর নাম verb এর subject হলে তা Noun হবে।
**Verb:** বাক্যে head দ্বারা মাথা দিয়ে বলে আঘাত করা বুঝানো হয়েছে বিধায় তা verb হবে।

26. **Karim <u>headed</u> the ball.** [স্বাস্থ্য সহকারী-১০]
**a)** a verb **b)** a pronoun **c)** a conjunction Ans:a

| Honour (অনার) | |
|---|---|
| Noun | He is a man of great honour. (তিনি খুব সম্মানের লোক।) |
| Verb | Everyone honours him. (প্রত্যেকেই তাঁকে সম্মান করে।) |

**Noun:** Adjective (great) এর পরবর্তী word টি কোনো কিছুর নাম হলে তা Noun হয়।
**Verb:** বাক্যে honour দ্বারা সম্মান করা বুঝানো হয়েছে বিধায় তা verb হবে।

| Less | |
|---|---|
| Noun | He wants Rs.500 for that watch. He won't be satisfied with less. (সে ঘড়িটির জন্য ৫০০ টাকা চায়; তার কমে সে সন্তুষ্ট হবেনা।) |
| Adverb | The soil of Purulia is less fertile than that of Hooghly. (পুরুলিয়ার মাটি হুগলীর মাটির চেয়ে কম উর্বর।) |
| Adjective | You are paying less attention to your studies. (তুমি পড়াশুনায় কম মনোযোগ দিচ্ছ।) |



CamScanner

**Noun:** preposition এর পরে একটিমাত্র word থাকলে তা অবশ্যই Noun হবে (TG অনুসারে)।
**Adverb:** Adjective (fertile) এর পূর্বে less থাকলে তা Adverb হবে।
**Adjective:** uncountable noun (attention) এর পূর্বে less থাকলে তা উক্ত noun এর অপেক্ষাকৃত কম পরিমাণ নির্দেশ করে বলে তা adjective হবে।

## Like

| | |
|---|---|
| Noun | We shall not see his like again.(আমরা তার মতো আর কাউকে দেখবো না।) |
| Verb | Children like sweets. (ছেলেমেয়েরা মিষ্টি পছন্দ করে।) |
| Adjective | They are men of like build and stature. (তারা একইরকম গড়নের লোক।) |
| Preposition | Do not talk like that. (ওরকম কথা বলো না) He looks like his father. (সে তার বাবার মত) |

**Noun:** possessive adj. (his) এবং adverb (again) এর মাঝে একটিমাত্র word থাকলে তা noun
**Verb:** subject পরবর্তী word টি কাজ করা (like-পছন্দ করা) বুঝালে তা verb হবে।
**Adjective:** like বাক্যে build (দৈহিক গড়ন) noun এর পূর্বে বসে তার ধরন নির্দেশ করছে বলে ইহা Adjective
**Preposition:** pronoun/noun (phrase) এর পূর্বে সাধারণত adjective বসে না বরং preposition বসে।

27. **They are men of like build and stature. Here the word 'like' is a/an-** [RU (E) 11-12]
**a)** preposition **b)** adverb **c)** noun **d)** adjective Ans:d

28. **In which of the following sentences 'like' has been used as a preposition?**
**a)** He likes to eat fish. **b)** He climbed the tree like a cat. [BSMRSTU (খ) 11-12]
**c)** He laughs like his father does. [JnU (A) 16-17, 17-18]
**d)** Like-minded people are necessary for a cooperative Ans:b

সমাধান: a) verb b) preposition (কারণ article + noun এর পূর্বে বসেছে) c) conjunction d) adjective
সম্ভাব্য: He seemed angry like. (adverb) Like begets like. (noun) What is he like? (preposition)

29. **Which of the following sentences is having the word 'like' as adjective?** [Medical-07-08]
**a)** We shall not see his like again. **b)** Children like sweets.
**c)** They are men of like build and stature. **d)** Do not talk like that. Ans:c

## Little

| | |
|---|---|
| Noun | I want but little. (আমি বিশেষ কিছু চাই না।) |
| Adjective | There is little danger in going there.(সেখানে যাওয়ায় কোনো বিপদ নেই বললেই চলে।) |
| Adverb | She eats very little. (সে খুব সামান্য আহার করে।) |

**Noun:** কি এর উত্তর আসা মানে noun অথবা Transitive verb পরে object ই noun
**Adjective:** little শুধুমাত্র uncountable noun (danger) এর পূর্বে বসে উক্ত noun এর নেই বললেই চলে এমন পরিমাণ নির্দেশ করে বলে তা adjective হবে।
**Adverb:** action verb (eat) এর পরে adjective (little) থাকলে তা adverb হবে।

## More

| | |
|---|---|
| Pronoun | More of us die in bed than out of it. (আমাদের বেশিরভাগই বিছানার বাইরে মারা যাওয়ার তুলনায় বিছানায় শুয়েই বেশি মরে।) |
| Adjective | We want more men like him. (আমরা তার মতো আরো লোক চাই।) |
| Adverb | You should talk less and work more. (কথা কম বলে বেশি কাজ করা উচিত।) |

**Pronoun:** more এর পরে of থাকলে 'more' pronoun হয়।
**Adjective:** more সাধারণত noun এর পূর্বে বসে অপেক্ষাকৃত বেশি সংখ্যা বা বেশি পরিমাণ নির্দেশ করে তাই noun এর পূর্বে more থাকলে তা adjective হবে। **Adverb:** intransitive verb (work) এর পরে adverb বসে।

| Much | |
|---|---|
| Pronoun | Much of it is true. (এর বেশির ভাগই সত্য।) |
| Adjective | There is much sense in what he says. (সে যা বলে তাতে বেশ অর্থ আছে।) |
| Adverb | He boasts too much. (সে ভীষণ গর্ব করে।) |

**Pronoun:** much এর পরে of থাকলে 'much' pronoun হয়।
**Adjective :** uncountable noun (sense) এর পূর্বে much থাকলে তা উক্ত noun এর বেশি পরিমাণ নির্দেশ করে বিধায় তা Adjective হবে। **Adverb**: intransitive verb এর পরে adverb বসে।

| Near | |
|---|---|
| Verb | The time nears. (সময় ঘনিয়ে আসছে।) |
| Adjective | He is a near relation. (সে নিকট আত্মীয়) |
| Adverb | Draw (= come) near and listen. (কাছে এসে শোনো।) |
| Preposition | His house is near the mosque. (তার বাড়ি মসজিদটির কাছে।) |

**Verb:** subject এর পরে বসা word টি কাজ করা বুঝালে তা verb হবে (near – ঘনিয়ে আসা)।
**Adjective:** article এবং noun এর মাঝে একটিমাত্র word থাকলে তা অবশ্যই adjective হবে।
**Adverb:** Intransitive verb এর পরে adverb বসে।
**Preposition:** noun phrase (article + noun = the mosque) এর পূর্বে preposition (প্রেপজিশন) বসে।

30. **Which of the following sentences is having the word 'near' as adverb?** [Dental-07-08]
a) The times near. b) He is a near relation.
c) Draw near and listen. d) The school is near the post office Ans:c

31. **Where the word 'Near' is used as preposition?** [HSTU (C) 12-13]
a) Draw near and listen. b) My school was near the mosque.
c) She is a near relation. d) Death nears with the passage of time Ans:b

32. **There is a big pond <u>near</u> the school.** [HSTU (C) 13-14]
a) Noun b) Pronoun c) Adjective d) Preposition Ans:d

33. **The day of my sister's marriage ceremony is drawing <u>near</u>. The underlined word is a/an —** [25th BCS, RU লোকপ্রশাসন 09-10, KU জীববিজ্ঞান স্কুল 12-13, BRUR BBA 13-14, BSMRSTU D 15-16, 17-18, পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মিটার টেস্টার-২৩] **The exams were drawing <u>near</u>.** [NU (মানবিক) 08-09]
a) Adjective b) Verb c) Preposition d) Adverb Ans:d

| Needs | | |
|---|---|---|
| Noun | My **needs** are few. | **Noun :** Possessive এর পরে noun বসে। **Verb :** Subject এর পরে verb বসে। **Adverb:** auxiliary verb এবং Principal verb এর মাঝে adverb বসে। বাক্যে needs =necessarily |
| Verb | It **needs** to be done with care. | |
| Adverb | He must **needs** come. | |

34. **My <u>needs</u> are few.** (আমার চাহিদা খুব সামান্য/অতি অল্প)
[RU (ভূগোল) 06-07, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB) এর সহকারী নিরাপত্তা কর্মকর্তা-২১]
a) verb b) adverb c) noun d) pronoun Ans:c

| Neither [নাইদার (UK), নীদার (US)] | | |
|---|---|---|
| Pronoun | It is difficult to negotiate where neither will trust. (যেখানে উভয়ের কেউই বিশ্বাস করবে না, সেখানে আপোষ করা কঠিন।) | ব্যাখার জানার জন্য either অংশ দেখুন |
| Adjective | Neither statement is true. (কোনো বক্তব্যই সত্য নয়।) | |
| Conjunction | Give me neither poverty nor riches. (আমাকে দারিদ্র বা সম্পদ কোনোটাই দিও না।) | |



CamScanner

## Next

| | | |
|---|---|---|
| Noun | Who is your **next**? (তোমার পরবর্তী কে?) | My এর পর একটি word থাকলে তা noun |
| Adjective | I shall go to Delhi **next** Sunday. (আমি আগামী রবিবার দিল্লী যাব।) | noun এরপূর্বে adjective বসে। |
| Adverb | What next? (এর পরে কি?) | next অবস্থান বুঝালে adverb হয়। |
| Preposition | He was sitting next her. (সে তার পাশে বসেছিল।) | Personal pronoun এর objective এর পূর্বে preposition বসে। |

## No

| | | |
|---|---|---|
| Noun | I will not take a no. (কোনো না, শুনব না।) | article পরবর্তী একমাত্র word টি noun হয়। |
| Adjective | It is no jokes. (এটা তামাশা নয়।) | noun (jokes) এর পূর্বে adjective বসে। |
| Adverb | He is no more. (তিনি আর নেই।) | adjective (more) এর পূর্বে adverb বসে। |

## Once

| | |
|---|---|
| Noun | Please help me for once. (আমাকে একবারের জন্য সাহায্য করুন।) |
| Adverb | You were young once. (তুমি এক সময় তরুণ ছিলে।) |
| Conjunction | Once he hesitates, he will fail. (যদি একবার সে ইতস্তত করে, তাহলে তার পতন হবে।) |

**Noun:** preposition এর পরে একটিমাত্র word থাকলে তা অবশ্যই noun হবে।

**Adverb:** বাক্যে once, young (adjective) টিকে modify করেছে অর্থাৎ young থাকার সময় নির্দেশ করছে বিধায় once হচ্ছে Adverb.

**Conjunction:** Once দুইটি Clause এর সংযোগকারী হলে 'if' অর্থে conjunction হিসেবে ব্যবহৃত হয়।

## One

| | |
|---|---|
| Noun | I am at one with you. (আমি তোমার সাথে একমত) [দুটো preposition এর মাঝে noun বসে]<br>One would think he was mad. (যে কেউ ভাববে সে পাগল ছিল।) [Wren & Martin] |
| Pronoun | One ought to respect one's parents. (প্রত্যেকের পিতামাকে সম্মান করা উচিত।) [সাধারণত যে কোনো ব্যক্তি অর্থে one একা verb এর subject হলে তা pronoun হবে।]<br>The little ones cried in joy. (ছোটরা আনন্দে চিৎকার করে উঠল।) [ones সর্বদা pronoun] |
| Adjective | One day I met him in the street. (একদিন রাস্তায় তার সঙ্গে আমার দেখা হল।) |

## Only

| | |
|---|---|
| Adjective | It was his only chance. (এটাই তার একমাত্র সুযোগ ছিল।) |
| Adverb | He was only (=simply) foolish. (সে নিশ্চয়ই বোকা ছিল।) অথবা, He can **only** read. |
| Conjunction | Take what I have, only let me go.(আমার যা কিছু আছে নাও, আমাকে কেবল যেতে দাও।)<br>You may go there, only remain silent. (সেখানে যেতে পার, কিন্তু চুপ থেকো) |

**Adjective:** Possessive (his) এবং noun এর মাঝে একটিমাত্র word থাকলে তা অবশ্যই adjective হবে।

**Adverb:** Adjective (foolish) এর পূর্বে adverb বসে। অথবা, auxiliary verb +**adverb**+ principal verb

**Conjunction:** only দুইটি Clause এর সংযোগকারী হলে 'but' অর্থে conjunction হিসেবে ব্যবহৃত হয়।

35. **Choose the correct parts of speech of the underlined word:**
**Please take what I have, <u>only</u> let me go.** [RU (ভূগোল) 06-07]
**a)** adjective **b)** adverb **c)** conjunction **d)** preposition Ans:c

36. **He is the only son of his father. Here 'only' is** [CU (G) 08-09]
**a)** a preposition **b)** an interjection **c)** an adverb **d)** an adjective Ans:d



CamScanner

| Over | |
|---|---|
| Noun | In one over he took four wickets. (এক ওভারে সে চার উইকেট নিল।) |
| Adverb | Read it over carefully. (এটা খুব ভালো করে পড়।) |
| Preposition | At forty a change came over him. (চল্লিশ বছর বয়সে তার একটি পরিবর্তন এল।) |

**Noun:** Determiner (one) এর পরের word টি noun হয়।
**Adverb: (i)** over সাধারণত Preposition কিন্তু এর পরে কোনো noun সমতুল্য কিছু নেই তাই ইহা adverb হবে।
**(ii)** over বাক্যে adverb 'carefully' কে modify করেছে তাই ইহা adverb.
কারণ, শুধুমাত্র adverb ই adverb কে modify করতে পারে।
**Preposition:** over এর পরে noun/pronoun থাকলে over সর্বদাই preposition হয়।

| Right | |
|---|---|
| Noun | It is a matter of right. (এটা অধিকারের বিষয়।) |
| Verb | It is such a fault that will right itself. (এটা এমন ভুল, যা নিজে নিজে ঠিক হয়ে যাবে।) |
| Adjective | He is the right man for the job. (তিনিই এই কাজের জন্য সঠিক লোক।) |
| Adverb | Serve him right. (তাঁর সঙ্গে সঠিকভাবে ব্যবহার কর।) |

**Noun:** Preposition এর পর একটি মাত্র word থাকলে তা অবশ্যই Noun হবে।
**Verb :** Modal (will, shall, can, may, need, dare) এর পরে verb বসে।
**Adjective:** Article এবং Noun এর মাঝে একটি মাত্র word থাকলে তা অবশ্যই Adjective বসে।
**Adverb:** transitive verb এর object এর পরবর্তী word টি verb কে modify করলে তা adverb হবে

37. **She did it right.** (সে এটা ঠিকভাবে করলো) [BU (ঘ) 13-14]
a) Preposition b) adverb c) noun d) adjective Ans:b

38. **I cannot right the wrong.** [HSTU (C) 12-13, (E) 14-15]
a) Noun b) Adjective c) Verb d) Pronoun Ans:c

39. **Which of the following sentences uses right word as adjective?** [Medical-09-10]
a) Serve him right b) He is the right man for the job.
c) It is such a fault that will right itself. d) It is a matter of right. Ans:b

| Round | |
|---|---|
| Noun | The boy played well in the first round. (ছেলেটি প্রথমবারে ভালোই খেলল।) |
| Verb | They rounded the temple silently. (তারা নীরবে মন্দির প্রদক্ষিণ করল।) |
| Adjective | A square peg in a **round** hole.(গোল গর্তে চৌকো পেরেক = যে কাজে যে বা যা উপযুক্ত নয়) |
| Preposition | The earth moves/revolves round the sun. (পৃথিবী সূর্যের চারিদিকে ঘোরে/প্রদক্ষিণ করে।) |
| Adverb | At last he came round to their belief.(অবশেষে বিলম্ব হলেও সে তাদের বিশ্বাসেই উপনীত হলো) |

**Noun:** Article+Adjective+**Noun**
**Verb:** subject এর পরবর্তী word টি কাজ করা (round– প্রদক্ষিণ করা) বুঝালে তা verb হবে।
**Adjective:** Article এবং Noun এর মাঝে একটি মাত্র word থাকলে তা অবশ্যই Adjective হবে।
**Preposition:** noun phrase (Article+Noun =The sun) এর পূর্বে preposition বসে।
**Adverb: (i)** intransitive verb (come) এর পরে adverb বসে। **(i)** round সাধারণত Preposition কিন্তু এর পরে কোনো noun, noun phrase বা pronoun নেই তাই ইহা adverb হবে।

40. **Which of the following sentences uses the word 'round' adverb?** [Dental-09-10]
a) A square peg in a round hole. b) The boy played well in the first round.
c) They rounded the temple silently. d) At last he came round to their belief Ans:d

41. **The earth moves <u>round</u> the sun.** [KUET 12-13]
a) Noun b) Verb c) Adjective d) Preposition Ans:d

42. **Which of the following sentences uses the word 'round' adjective?** [Medical-08-09]
a) A square peg in a round hole. b) The boy played well in the first round.
c) They rounded the temple silently. d) At last he came round to their belief. Ans:a

| Since | |
|---|---|
| Preposition | I have not seen him since Monday.(সোমবার থেকে তাকে আমি দেখিনি।) |
| Adverb | I have not seen him since.(সেই থেকে তাকে আমি দেখিনি।) |
| Conjunction | It is many days since I saw you last. (তোমাকে যখন শেষবার দেখেছিলাম, তারপর অনেক দিন কেটে গেছে।) |

**Preposition:** since এর পরে noun থাকলে since সাধারণত preposition হিসেবে ব্যবহৃত হয়।
**Adverb:** since এর পরে noun না থাকলে since হচ্ছে adverb ।
**Conjunction:** since দুইটি clause এর সংযোগকারী হিসেবে বসেছে বিধায় since হচ্ছে conjunction

| So | |
|---|---|
| Adverb | I am so sorry. (আমি খুব দুঃখিত।) |
| Conjunction | He was poor, so they helped him. (সে দরিদ্র ছিল, সুতরাং তারা তাকে সাহায্য করল।) |

**Adverb:** Adjective (sorry, sad) এর পূর্বে so বসলে তা very অর্থে adverb হবে।
**Conjunction:** so দুইটি clause এর সংযোগকারী হলে তা therefore অর্থে conjunction হবে।

| Some | |
|---|---|
| Pronoun | Some say one thing and others another.(কেউ এক কথা বলে, কেউ অন্য কথা বলে।) |
| Adjective | We must find some way out of it. (আমরা এর মধ্য থেকেই কোনো পথ খুঁজে পাব।) |
| Adverb | Some (=nearly) twenty guests were there.(সেখানে প্রায় কুড়িজন অতিথি ছিল।) |

**Pronoun:** সাধারণত Some একাকী verb এর subject হলে তা (Indefinite) Pronoun.
**Adjective:** noun এর পূর্বে determiner (some) থাকলে তা adjective হয়।
**Adverb:** সংখ্যাবাচক adjective এর পূর্বে Some বসলে তা nearly/about অর্থে adverb হয়ে থাকে ।

| Still | |
|---|---|
| Noun | He heard a shrill cry in the still of night. (রাতের নিস্তব্ধতায় সে একটা তীব্র চিৎকার শুনতে পেল।) [বাংলাদেশ ব্যাংক অফিসার-১৯] |
| Verb | Mothers still (=make calm) their babies with a lulling song. (ঘুমপাড়ানি গান গেয়ে মায়েরা তাদের শিশুদের চুপ করায়।) |
| Adjective | Mosquitoes lay eggs in **still** (= motionless) water. (মশা স্থির জলে ডিম পাড়ে।) |
| Adverb | He is **still** (= till now) in idleness. (সে এখনো আলস্যে দিন কাটাচ্ছে।) |

**Noun:** Article এবং Preposition এর মাঝে একটি মাত্র word থাকলে তা অবশ্যই noun হবে ।
**Verb:** subject পরবর্তী word টি কাজ করা (still– ঘুম পাড়ানো) বুঝালে তা verb হবে।
**Adjective:** Still দ্বারা পানির স্থিরাবস্থা নির্দেশ করা হয়েছে বিধায় still হচ্ছে Adjective
**Adverb:** adverb phrase এর পূর্বে adverb বসে।

43. **The word 'Still' is used as an adjective in which of the following sentences?** [MC 09-10]
a) He heard a shrill cry in the still of night.
b) Mothers still their babies with a lulling song.
c) Mosquitoes lay eggs in still water. d) He is still in idleness. Ans:c



CamScanner

| Such | |
|---|---|
| Pronoun | Such was not my intention. (আমার এরূপ ইচ্ছা ছিল না।) |
| Adjective | Don't do this in such a hurry. (এরূপ ব্যস্ত-সমস্ত হয়ে এটা করোনা।) |

**Pronoun:** Such এর পরে verb থাকলে Such, (Demonstrative) pronoun হবে।
**Adjective:** such এর পরে a + singular noun থাকলে Such, demonstrative adjective হবে।

| That | |
|---|---|
| D.Pronoun | That is what I want. (ঐটাই সেই জিনিস যা আমি চাই।) |
| Adjective | What is that noise? (ঐ গোলমাল কিসের?) |
| Adverb | I do not have <u>that much</u> money on me. (আমার সাথে/কাছে অত বেশি টাকা নেই) |
| Rel. Pronoun | The evil that men do remains after them. – W. Shakespeare (Julius Caesar) (মন্দ কাজ যা মানুষ করে তাদের মৃত্যুর পরেও থেকে যায়) |
| Conjunction | He works hard that he may succeed.(সে কঠোর পরিশ্রম করে যাতে সে সফল হতে পারে) |

**Dem. Pronoun:** That এর পরে verb অথবা of থাকলে That, (Demonstrative) pronoun হবে।
**Adjective :** that কোনো noun এর পূর্বে বসে noun টিকে নির্দেশ করলে (Demonstrative) Adjective হবে।
**Adverb :** that কোনো adjective/adverb কে modify করলে adverb হবে। I cannot walk **that** far.
**Rel. Pronoun:** that এর পূর্বে antecedent থাকলে that কাজ করে Relative pronoun হিসেবে।
**Conjunction:** that দুইটি clause এর সংযোগকারী হলে 'so that অথবা in order that' অর্থে conjunction

| The | |
|---|---|
| Article | The boy who came here is my brother. (যে ছেলেটি এখানে এসেছিল, সে আমার ভাই।) |
| Adverb | The sooner, the better. (যত শীঘ্রই হয়, ততই ভালো।) |

**Article:** The সাধারণত article, determiner হিসেবে ব্যবহৃত হয়, traditional grammar এ **adjective**
**Adverb:** যত – তত অর্থে comparative degree এর পূর্বে The বসলে তা adverb হবে।

44. **'I water the garden' here 'the ' is-** [দুর্নীতি দমন কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর-১৯]
**'The man is honest.' Here 'the' is used as-** [IU (গ) 12-13]
**a)** Noun **b)** Adverb **c)** Adjective **d)** Preposition Ans:c

| Till | |
|---|---|
| Preposition | He will stay here till tomorrow. (সে আগামীকাল পর্যন্ত এখানে থাকবে।) |
| Conjunction | Do not start till I give the order.(আমি যতক্ষণ আদেশ না দিই, ততক্ষণ কাজ শুরু করোনা।) |

**Preposition:** সাধারণত noun এর পূর্বে till বসে preposition হিসেবে ব্যবহৃত হয়।
**Conjunction:** till দুইটি clause এর সংযোগকারী হলে conjunction হিসেবে ব্যবহৃত হয়।

| Up | |
|---|---|
| Noun | Every man has ups and downs in life.(প্রত্যেকের জীবনেই উত্থান-পতন আছে।) |
| Adjective | The next up train will leave at 8 p.m.(পরবর্তী আপ ট্রেন রাত আটটায় ছাড়বে।) |
| Adverb | Prices of essential commodities are going up.(নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বেড়ে যাচ্ছে।) |
| Preposition | He went up the hill. (সে পাহাড়ের ওপর উঠল।) |

**Noun :** have verb এর পরে object হিসেবে noun/pronoun বসে।
**Adjective:** up শব্দটি 'train' noun টির পূর্বে বসে 'train' কে বিশেষায়িত করেছে তাই up হচ্ছে adjective
**Adverb:** up সাধারণত preposition কিন্তু এর পরে কোনো noun/pronoun নেই তাই ইহা adverb হবে।
**Preposition:** noun phrase (article + noun = the hill) এর পূর্বে preposition বসে।

| What | |
|---|---|
| Int. pronoun | What do you want? (তুমি কি চাও?) |
| Int. adjective | What book do you want? (তুমি কি বই চাও?) |
| R. Pronoun | Give me what you can. (তুমি যা পার, আমাকে দাও।) |
| Interjection | What! you don't mean to say so? (কি! তুমি কি তাই বোঝাতে চাও না?) |

**Int. pronoun:** প্রশ্নবোধক বাক্যের প্রারম্ভে শুধু What থাকলে তা Interrogative pronoun
**Int. adjective:** প্রশ্নবোধক বাক্যে কোনো noun এর পূর্বে What ব্যবহৃত হলে তা Interrogative Adjective
**R. Pronoun:** What বাক্যের মাঝে বসে দুটি clause কে যুক্ত করলে তা relative pronoun হবে ।
**Interjection:** What এর পরে'!' অথবা কমা (,) থাকলে What, interjection হবে।

45. **Which of the following sentences uses 'What' as an interrogative adjective?** [Medical 09-10]
**a)** What! You don't mean to say so. **b)** Give me what you can.
**c)** What book do you want? **d)** What do you want? Ans:c

46. **Give me what you wish. Here what is used as -** [HSTU (A) 13-14]
**a)** An interrogative **b)** An adjective **c)** A pronoun **d)** A conjunction Ans:c

| While (ওয়াইল) | |
|---|---|
| Noun | Sit down and rest a while. (বসে কিছুক্ষণ বিশ্রাম কর) |
| Verb | They while away their time in idleness.(তারা আলস্যে সময় কাটিয়ে দেয়।) |
| Conjunction | While he is a great poet, he is greater dramatist.<br>(তিনি কবি হিসাবে বড়, কিন্তু নাট্যকার হিসাবে আরও বড়।) |

**Noun :** article এর পরে একটি মাত্র word থাকলে তা noun
**Verb:** subject পরবর্তী word টি কাজ করা (while away– সময় কাটিয়ে দেয়া) বুঝালে তা verb হবে।
**Conjunction:** While দুইটি Clause এর সংযোগকারী হলে conjunction হিসেবে ব্যবহৃত হয়।

47. **A part of speech of the underlined word is:** [SUST 04-05, প্রাথমিক সহকারী শিক্ষক (তিতাস)-১০,
**'Sit down and rest for a <u>while</u>.'** (কিছুক্ষণের জন্য বসে বিশ্রাম নিন/নাও) BSMRUST (D) 13-14]
**I walked for a <u>while</u>.** (আমি কিছুক্ষণ হাঁটলাম) [RU (D) 12-13]
**a)** Adverb **b)** Adjective **c)** Preposition **d)** Noun Ans:d

| Why | |
|---|---|
| Noun | I don't know the **why** and wherefore of it. (কেন, কিজন্য এসব আমি জানি।) |
| Int. Adverb | **Why** did he come here? (কেন সে এখানে এসেছিল?) |
| R. Adverb | I know the reason why he did it. (কেন সে এটা করেছিল, আমি তার কারণ জানি।) |
| Interjection | Why, it is surely Suren! (কেন! এ নিশ্চয়ই সুরেন।) |

**Noun: Article** (the) +noun (why)+ **and** +noun (wherefore) + **preposition** (of)
**Int. Adverb:** প্রশ্নবোধক বাক্যের প্রারম্ভে শুধু Why থাকলে তা Interrogative adverb
**R. Adverb:** Why বাক্যের মাঝে বসে দুটি clause কে যুক্ত করলে তা relative adverb হবে।
**Interjection:** মূল বাক্য থেকে আলাদা কোনো word সাধারণত Interjection হয়। এক্ষেত্রে '!' অথবা , (কমা) দ্বারা word টিকে মূল বাক্য থেকে আলাদা রাখা হয়।

48. **Which of the following sentences contains the word 'why' as relative adverb?**
**a)** I don't know the why and wherefore of it. **b)** Why did he come here? [Dental 09-10]
**c)** I don't know the reason why he did it. **d)** Why, it is surely Mahboob. Ans:c



CamScanner

| Wrong | |
|---|---|
| Noun | He has done no wrong. (সে কোনো অন্যায় করেনি) He has no sense of wrong. |
| Adjective | You have followed the wrong path. (তুমি ভুলপথ অনুসরণ করেছ) |
| Verb | You have wronged me. (তুমি আমার সাথে অন্যায় আচরণ করেছ) |
| Adverb | He **led** me **wrong**. (সে আমাকে ভুলপথে চালিত করেছিল) |

**Noun:** Determiner (no) অথবা Preposition (of) এর পরে একটিমাত্র word থাকলে তা noun হবে।
**Adjective:** Determiner (the) এবং noun এর মাঝে একটিমাত্র word থাকলে তা Adjective হবে।
**Verb:** বাক্যে wrong দ্বারা সাথে খারাপ ব্যবহার করা বুঝানো হয়েছে বিধায় তা verb হবে।
**Adverb:** verb কে modify কারী word সর্বদাই Adverb হবে।

49. **He has done no <u>wrong</u>.** [স্বাস্থ্য সহকারী-১০, KU (B) 12-13, প্রাথমিক সহকারী শিক্ষক (৪র্থ ধাপ)-১৯]
**a)** pronoun **b)** adverb **c)** adjective **d)** noun Ans:d

50. **Do not go in the <u>wrong</u> path.** [RU (সমাজবিজ্ঞান) 09-10, BSMRSTU (G) 17-18]
**a)** verb **b)** noun **c)** adjective **d)** adverb Ans:c

51. **He has done <u>wrong</u>.** [RU (সমাজবিজ্ঞান) 09-10]
**a)** noun **b)** verb **c)** adjective **d)** adverb Ans:a,d

| Yet (ইএট) | |
|---|---|
| Adverb | There is more talk **yet** to be told. (এখনো অনেক কথা আছে।) |
| Conjunction | He is unable, **yet** willing. (সে অক্ষম, তবু ইচ্ছুক।) |

**Adverb:** কোনো কিছু করতে এখনো বাকি বা করা হয় নি অর্থে infinitive এর পূর্বে adverb হিসেবে yet বসে।
**Conjunction:** yet দুইটি sentence এর সংযোগকারী হলে 'but' অর্থে conjunction হিসেবে ব্যবহৃত হয়।

52. **There is more talk <u>yet</u> to be told. The underlined word in is-** [JU (B) 15-16]
**a)** a noun **b)** a pronoun **c)** an adverb **d)** an adjective Ans:c

53. **Yet there is time to mend the thing. Here 'yet' is** [JU (C8) 13-14, JUST (D) 16-17]
**a)** Preposition **b)** Adverb **c)** Adjective **d)** Interjection Ans:b

## YOUR TURN

54. **Which but is a preposition?** [41st BCS]
**a)** It is but right to admit our faults. **b)** What can we do but sit and wait?
**c)** We tried hard, but did not succeed. **d)** There is no one **but** likes him. Ans:b

Traditional grammar এ 'but' preposition হলে এর পরে bare infinitive (base/basic form) বসে। যেমন: What can he do but die? What could he do but forgive her? I cannot but go. তবে, এখন modern grammar এ এক্ষেত্রে but কে conjunction ধরা হয়। What can we do but sit and wait? এই একই উদাহরণে Longman Dictionary of Contemporary English এ but কে conjunction দেখানো হয়েছে।

55. **'Who's that?' In the sentence 'that' is a/an-** [41st BCS]
**Who is that? Here 'that' is-** [মেডিকেল টেকনিশিয়ান-২৩]
**a)** pronoun **b)** conjunction **c)** adjective **d)** adverb Ans:a

56. **Identify the correct sentence.** [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা-২০]
**a)** He is a miserly. **b)** He is miserly man.
**c)** He is miserly. **d)** He is miser. Ans:c

miserly হচ্ছে adjective এবং miser হচ্ছে noun তাই complement এ singular noun এর পূর্বে a/an বসে। কিন্তু adjective এর পূর্বে a/an বসে না। এদের সঠিক ব্যবহার হচ্ছে- He is a miser. (সে কৃপণ) He is a miserly man. (সে কৃপণ মানুষ) He is miserly. (সে কৃপণ) He is **a** patient. (সে রোগী) He is patient. (সে ধৈর্যশীল)

Passive এ be verb + found + adjective (She was found unconscious/asleep/safe)

We work every day except Friday. (আমরা শুক্রবার ব্যতীত প্রতিদিন কাজ করি)
What part of speech is 'except'?
a) adjective b) preposition c) conjunction d) adverb Ans:b

If we finish our work quickly, we can go to the movies. [NSI এর কম্পিউটার অপারেটর-১৯]

Today they have returned home earlier.
Here the underlined word is a/an-
a) noun b) adverb c) adjective d) preposition Ans:b

The time for sleep is past. The word 'past' is- [বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ে নিরাপত্তা কর্মকর্তা-১৯]
a) a noun b) an adverb c) a preposition d) an adjective Ans:d
past অর্থ gone by in time; past বসেছে complement হিসেবে তাই এটি adjective

Justice should be done to the victim. (ভুক্তভোগীর প্রতি ন্যায় বিচার করতে হবে)
Here the underlined word is a/an- [স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (তড়িৎ)-১৯]
a) noun b) pronoun c) adjective d) adverb Ans:a

67. **Which of the following words can be used as a verb?** [বিদুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা-১৯]
a) green b) orange c) red d) blue Ans:a
Oxford Advanced Learner's Dictionary তে green কে verb হিসেবে দেখানো হয়েছে।

68. **Shefali is taller than Rupali. Here 'than' is a —** [JUST (F) 16-17]
**He is taller than I. The underlined word is a/an-** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রম পরিদর্শক (সেফটি)-১৯]
a) Adjective b) Noun c) Preposition d) Conjunction Ans:d
Traditional grammar অনুসারে এক্ষেত্রে than হচ্ছে conjunction কারণ than (conjunction) + subject form Modern grammar এ than এর পরে object form অথবা noun থাকলে than হবে preposition এবং noun/ subjective + verb থাকলে than হবে conjunction (He is taller than me. He is taller than I am.)

69. **'By the end of the day we were tired but happy.' The underlined word is -**
(দিনের শেষ নাগাদ আমরা ক্লান্ত হলেও খুশি ছিলাম) [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল)-১৭]
**He is poor but honest. In this sentence 'but' is** [JKKNIU C 15-16]
a) a preposition b) an adjective c) a conjunction d) an adverb Ans:c

70. **In which sentence 'that' is used as a conjunction?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার অফিসার-১৭]
a) That is what I want. b) The evil that men do remains after them.
c) What is that noise? d) He wroks hard that he may succeed. Ans:d
a) তে that হচ্ছে (demonstrative) pronoun b) তে that হচ্ছে relative pronoun
c) that হচ্ছে determiner/ (demonstrative) adjective d) তে that হচ্ছে conjunction

71. **English grammar is not too difficult to understand. Here 'English' is-** [JKKNIU B 19-20]
a) adverb b) adjective c) verb d) noun Ans:b

72. **Although she was tired, she went to work. In the sentence, 'Although' is a/an-**
a) preposition b) interjection c) adverb d) conjunction [JU C1 18-19]Ans:d

73. **'The Sun is up (সূর্য উঠেছে). Here 'up' is —** [IU (B) 17-18]
a) A noun b) A pronoun c) An adverb d) An adjective Ans:c
এখানে up দ্বারা 'উপরে' বুঝিয়েছে যা where/কোথায় এর উত্তর তাই adverb হবে।

74. **Each boy will get a prize. Here 'Each' is a/an —.** [COU (B) 16-17]
a) noun b) adverb c) pronoun d) adjective Ans:d

75. **We traveled by a fast train from Dhaka to Rajshahi.** [BSMRSTU (F) 17-18]
a) adverb b) noun c) adjective d) preposition Ans:c

76. **I went away after I had finished the work. Here 'after' is** [BRUR A 16-17]
a) adjective b) conjunction c) noun d) pronoun Ans:b

77. **It is no joke. The underlined word in the sentence is a -** [IU B 15-16]
a) noun b) adverb c) adjective d) conjunction Ans:c

78. **You are but a child. Here 'but' is used as** [IU C 17-18]
a) Preposition b) Adjective c) Adverb d) Conjunction Ans:c

79. **There are many coconut trees on —— side of the road.** [JnU (B) 17-18]
a) either b) both c) many d) every Ans:a

both দ্বারা উভয় এবং either/each দুয়ের যেকোনোটি বুঝায়। কিন্তু both এর পরে plural noun এবং either/each এর পরে singular noun বসে। every দ্বারা তিনের অধিকের মধ্যে প্রত্যেককে বুঝায় এবং every এর পরে singular noun বসে। যেহেতু রাস্তার পাশ দুটো এবং প্রশ্নের বাক্যে দেয়া side হচ্ছে singular noun তাই either ব্যবহৃত হবে।
**বাক্যের অর্থ :** রাস্তাটির প্রত্যেক ধারে অনেক নারিকেল গাছ ছিল।
There are many coconut trees on – – of the road. **Ans:** either side or each side or both sides


CamScanner